# বাংলা অর্থ বুঝে বুঝে

# HSC ও আলিম English

## ( দ্বিতীয় পত্র )

## { প্রশ্নব্যাংক + সাজেশন }

কোনো কিছু বুঝতে সমস্যা হলে
বইয়ের সাল, নাম, পৃষ্ঠা ও প্রশ্ন নং
উল্লেখ করে **SMS** করো নিচের
**WhatsApp 01713 43 20 02** নাম্বারে।

Recent Bazar

**Saifur Rahman Khan**

{ বাংলায় অর্থ বুঝিয়ে বুঝিয়ে **English** শেখানোর পদ্ধতির
উদ্ভাবক, লেখক ও শিক্ষক }

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ◻ **Exam: 2026-2027**

**Published by** ◻ **S@ifur's Publication**

**Copyright ©** ➲ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোনো অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

**প্রাপ্তিস্থান**

S@ifur's Publication Pvt. Ltd.
১৮/২ জয়চন্দ্র ঘোষ লেন, প্যারিদাস রোড,
বাংলাবাজার ঢাকা।
01713 43 20 15 ; 01613 43 20 16

**ISBN:** 978-984-99272-9-7

**Compose & Design:**
মো. আল-মামুন ফেরদৌস, আব্দুল কুদ্দুস শেখ

**YouTube চ্যানেল**
www.youtube.com/@SaifursOfficial

**কুরিয়ারে সাইফুর'স এর যেকোনো বই পেতে**
01713 43 20 15;
01613 43 20 16
**(10 am to 5 pm)**

**English ও ক্যারিয়ার নিয়ে**
বইয়ের অর্ডার করতে visit করুন:
www.saifursbooks.com

**Price: Tk. 500/- *Fixed***

Recent Bazar

# Table of Content

## HSC বোর্ড প্রশ্ন ও সমাধান (দ্বিতীয় পত্র)


- ◈ **HSC** ও আলিম Board Question: **2025** বিভিন্ন বোর্ডের সমাধান ...................... **617 – 670**
- ◈ **HSC** Board Question: **2024** বিভিন্ন বোর্ডের সমাধান ...................... **580 – 616**
- ◈ **HSC** Board Question: **2023** বিভিন্ন বোর্ডের সমাধান ...................... **537 – 579**
- ◈ **HSC** Board Question: **2022** বিভিন্ন বোর্ডের সমাধান ...................... **508 – 536**
- ◈ **HSC** Board Question: **2019** ও বিস্তারিত সমাধান ...................... **407 – 507**
- ◈ **HSC** Board Question: **2018** ও বিস্তারিত সমাধান ...................... **364 – 406**
- ◈ **Dhaka** Board Question: **2017** ও বিস্তারিত সমাধান ......................**330 – 363**


## অধ্যায় # 1 – 12 (Grammar)


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| 01 | বাক্যের অর্থ দিয়ে *Articles* | 001 – 034 |
| 02 | বাক্যের অর্থ দিয়ে *Preposition*-এর ব্যাখ্যা | 035 – 061 |
| 03 | *Uses of suitable phrases / words* | 062 – 090 |
| 04 | *Complete sentences using clauses / phrases* | 091 – 109 |
| 05 | *Right form of Verbs* সমাধানের সহজ *Technique* | 110 – 127 |
| 06 | *Changing sentences* | 128 – 168 |
| 07. | *Passage Narration*-এর *Latest* ব্যাখ্যা ও সমাধান | 169 – 188 |
| 08. | বাক্য দিয়ে *Pronoun Reference* | 189 – 204 |
| 09. | বাক্যের অর্থ দিয়ে *Modifier* ব্যাখ্যা | 205 – 247 |
| | *Appositive Phrases* | 233 |
| | *Quantifiers* | 241 |
| 10 | উদাহরণ দিয়ে *Connectors* ব্যাখ্যা | 248 – 261 |
| 11 | *Antonym & Synonym (with Charming Discussion)* | 262 – 274 |
| 12 | *Punctuation and capitalization* | 275 – 283 |


## অধ্যায় # 13 – 16 (Composition)


**13.** Email ও Application Writing with format ................................................ **284 – 295**
**14.** Report writing & Letter to Editor ........................................................... **296 – 301**
**15.** Paragraph Writing with format ............................................................... **302 – 307**
**16.** Essay ও Composition with format & writing technique .......................... **308 – 329**


Recent Bazar

# তোমার

# হাতের

# এই বইটা হলো

# যুগান্তকারী

# বই !

RecentBazar

## অধ্যায় # ০১

# Question # 01 বাক্যের অর্থ বুঝে article

**প্রশ্ন** **Madhusudan Dutt was (a) ___ popular 19th century Bengali poet and dramatist.**
(মধুসূদন দত্ত ছিলেন ১৯ শতকের (a) _____ জনপ্রিয় বাঙালী কবি ও নাট্যকার।) **ঢাকা বোর্ড**

**শব্দের অর্থ** **popular** = জনপ্রিয়। **dramatist** (ড্রামাটিস্ট) = নাট্যকার।

**সমাধান**

বাংলায় আমরা বলে থাকি: মধুসূদন দত্ত ছিলেন **একজন** ......। "একজন" শব্দটির ইংলিশ হলো: *a*।
আর ***p**opular* শব্দটির প্রথম letter-টি ***p*** দিয়ে শুরু হওয়ায় শূন্যস্থানে ***a*** বসবে।

Madhusudan Dutt was ***a*** popular 19th century Bengali poet and dramatist.
(মধুসূদন দত্ত ছিলেন ১৯ শতকের একজন জনপ্রিয় বাঙালী কবি ও নাট্যকার।)

**একই ধরনের আরো বাক্য** **{ কারমাইকেল কলেজ, রংপুর }**

**01**. Kazi Nazrul was ***a*** popular 20th century Baang-gaalee poet.
(কাজী নজরুল ছিলেন ২০ শতকের একজন জনপ্রিয় বাঙালী কবি।)

**02**. Robi Thakoor was ***a*** prominent 20th century Baang-gaalee novelist.
(রবী ঠাকুর ছিলেন ২০ শতকের একজন বিখ্যাত বাঙালী ঔপন্যাসিক।)

**03**. William Wordsworth was ***a*** great 19th century English poet.
(উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ ছিলেন ১৯ শতকের একজন বড় ইংলিশ কবি।) **ঢাকা কলেজ**

**বাংলা অর্থসহ বুঝে বুঝে পড়ো !**

**04**. John Milton was ***a*** great 19th century English poet.
(জন মিলটন ছিলেন ১৯ শতকের একজন মহান ইংরেজ কবি।)

**05**. Lord Tennyson was ***an*** eminent (য়েমিনেন্ট) English poet.
(লর্ড টেনিসন ছিলেন একজন বিখ্যাত ইংরেজ কবি।)

**06.** T S Eliot was ***a*** renowned (রিনা-উন্ড্) British poet.
(T S এলিয়ট ছিলেন একজন প্রখ্যাত ব্রিটিশ কবি।)

**07**. Imam Bukhari is ***a*** well-known (ওয়েল্-নৌউন্) hadis collector.
(ইমাম বুখারি হলেন একজন সুপরিচিত হাদীস সংগ্রাহক।)

**09**. Kabi Jassimuddin was ***a*** famous (ফেইমাস্) Bengali poet.
(কবি জসিমউদ্দিন ছিলেন একজন বিখ্যাত বাঙালী কবি।)

playwright (প্লেই্-রাইট) = নাট্যকার।

Recent Bazar

**প্রশ্ন** **Patriotism is** (a) _____ **noble virtue**. *[ Use correct articles ]*

[প্যাট্রি-রিও-টিয়্‌ম্ ইয্ (a) _____ নৌব্‌ল্ ভারচ্যূ ] **[ চট্টগ্রাম বোর্ড : 2019 ]**

**অর্থ:** দেশপ্রেম হলো (a) _____ মহৎ গুণ।

## অর্থ দিয়ে ব্যাখ্যা

উপরের বাক্যে বলতে চাচ্ছে, দেশপ্রেম হলো একটি মহৎ গুণ। আর এই ‘একটি’ ইংলিশ হলো ***a***।
**n**oble শব্দটির শুরুতে আছে *consonant* ‘n’, তাই শূণ্যস্থানে **a** বসবে।

**উত্তর** Patriotism is **a** noble virtue. (দেশপ্রেম হলো একটি মহৎ গুণ।)

## বাংলা সেন্‌টেন্সগুলো অর্থ বুঝে দেখে দেখে একবার করে লিখো

**01**. *Patriotism* is ***a*** great virtue. (দেশপ্রেম হলো একটি মহৎ গুণ।)

**02**. *Honesty* (অনেস্‌টি) is ***a*** great virtue. (সততা হলো একটি মহৎ গুণ।)

**03**. *Magnanimity* (ম্যাগ্‌ন্যানিমিটি) is ***a*** divine (ডিভাইন্) virtue. (উদারতা হলো একটি স্বর্গীয় গুণ।)

**04**. *Integrity* (ইন্‌টে-গ্রিটি) is ***a*** great virtue. (ন্যায়পরায়ণতা হলো একটি মহৎ গুণ।)

**05**. *Morality* (মোরালিটি) is ***a*** great quality. (নৈতিকতা হলো একটি বড় গুণ।)

**06**. *Bravery* (ব্রেইভারী = সাহসিকতা) is ***a*** charming (চার্‌মিং) quality. (সাহসিকতা হলো একটি চমৎকার গুণ।)

**07**. *Generosity* (জেন্‌-র্‌-সিটি) is ***a*** unique (অনন্য) quality. [ *unique* = **y**ounik-এর উচ্চারণের শুরুতে **y** বা *consonant*। তাই ***a*** *unique quality* হলো ]

**08**. *Teaching* (ঠীচিং) is ***a*** noble profession (প্রফেশ্‌ন্ = পেশা).

**09**. *Preaching* (প্রিই-চিং) is ***a*** great task. (ধর্মপ্রচার হলো একটি বড় কাজ।)

**10**. *Bribery* (ব্রাই্‌বেরী = ঘুষ গ্রহণ) is ***a*** disgraceful (ডিস্‌-গ্রেইস্‌ফুল্) task. (ঘুষ গ্রহণ একটি অসম্মানজনক কাজ।)

[ *admirable*-এর শুরুতে **a** (vowel) থাকায় ***an*** হলো ]

**11**. *Sincerity* (সিন্‌-সি-আরিটি = সততা ও আন্তরিকতার সাথে কাজ করা) is ***an*** **a**dmirable quality. (আন্তরিকতা একটি প্রশংসনীয় গুণ)

Recent Bazar

**প্রদত্ত প্রশ্ন** **Patriotism inspires (b) ____ man to dedicate his life for the freedom and development of his (c) ____ country.** **[ চট্টগ্রাম বোর্ড : 2019 ]**

**বাংলা অর্থ** দেশপ্রেম উৎসাহিত করে (b) ____ মানুষকে উৎসর্গ করতে তার জীবন জন্য স্বাধীনতার ও উন্নয়নের জন্য তার (c) ____ দেশের।

পেইট্রি-অটিযম্

## Vocabulary

**inspire** (ইন্‌স্‌পাইআর্‌) = উৎসাহিত করা । **freedom** = স্বাধীনতা।
**dedicate** (ডেডিকেইট্‌) = উৎসর্গ করা ।

" পড়ো, তোমার পালনকর্তার নাম নিয়ে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন "

## সাবলীল বাংলা অর্থ

দেশপ্রেম **একজন** মানুষকে তার দেশের স্বাধীনতা ও উন্নয়নের জন্য তার জীবনকে উৎসর্গ করতে উৎসাহিত করে।

**m**an শব্দটির প্রথমে consonant অক্ষর (m) হওয়ায়, (b)-এর gap-এ ***a*** বসবে।
আর (c)-এর gap-এ *his* (×) *country* (তার দেশ)-এর মাঝে কোনো article বসবে না।

**উত্তর:** (b) *a* এবং (c) ×

## আরো উদাহরণ: জোরে জোরে পড়ো

1. Patriotism inspires **a** man to dedicate his life for the freedom of his **x** country.
   (inspires → ইন্‌-স্‌-পাই-আর্‌) (dedicate → ডেডিকেইট্‌) (freedom → ফ্রী-ড্‌ম্‌)
   [ দেশপ্রেম উৎসাহিত করে একজন মানুষকে তার জীবনকে উৎসর্গ করতে তার দেশের স্বাধীনতার জন্য। ]
2. Honesty inspires **a** man to work honestly for the development of his **x** country.
   [ সততা উৎসাহিত করে একজন মানুষকে কাজ করতে সৎভাবে তার দেশের উন্নয়নের জন্য। ]
3. Motivation inspires **an** employee to work for the development of his **x** company.
4. Sense of ethics inspires **a** man to work fairly for the growth of his **x** nation.
   (নৈতিকতাবোধ = নীতিজ্ঞান .........) (fairly → ন্যায়ভাবে) (growth → গ্রৌথ্‌ = উন্নতি)
5. Sense of responsibility inspires **a** man to do his duties for the welfare of his **x** family.
   [ দায়িত্বজ্ঞান উৎসাহিত করে একজন মানুষকে কর্তব্য পালন করতে তার পরিবারের মঙ্গলের জন্য।]
   (conscience → খন্‌-শিয়েন্‌স্‌)
6. Sense of conscience leads **a** man to work for the prosperity of his **x** society.
   [ বিবেকবোধ পরিচালিত করে একজন মানুষকে কাজ করতে তার সমাজের অগ্রগতির জন্য।]

Recent Bazar

**প্রশ্ন** **(d) ____ man without patriotism is no better than (e) ____ beast. [ চট্টগ্রাম: 2019 ]**

(d) ____ মানুষ ছাড়া দেশপ্রম হয় না অধিকতর ভালো চেয়ে (e) ____ পশু।

## ব্যাখ্যা

তার মানে, দেশপ্রেম ছাড়া **একজন** মানুষ অধিক ভালো নয় **একটি** পশুর চেয়ে।

আর এই 'একজন' শব্দটির ইংলিশ হলো: ***a*** / ***an***।

আমরা জানি, *man* শব্দটির প্রথমে আছে *m* (এম) যেটি consonant,

তাই gap-এ article *a* বসবে। ∴ (d)-এর উত্তর হবে: ***a***।

***A*** man without patriotism is no better than ***a*** beast.

(দেশপ্রেম ছাড়া একজন মানুষ অধিক ভালো নয় একটি পশুর চেয়ে।)

**patriotism** (পেইট্-রিঅ-ঠিযম্) = দেশপ্রেম। **beast** (বীস্ট্) = পশু।

*x is no better than y* অর্থ *x* হলো ভালো না *y*-এর চেয়ে।

## আরো উদাহরণ

1. **A** **m**an without honesty (অনেস্‌টি) is no better than **a** beast.
   [ **একজন মানুষ** সততা ছাড়া **বেশি ভালো নয় পশুর চেয়ে।**]
2. **A** man without morality (মোরালিটি) is no better than **a** beast.
   [ **একজন মানুষ** নৈতিকতা ছাড়া **বেশি ভালো নয় পশুর চেয়ে।**]
3. **A** person without ethics (য়েথিক্‌স্) is no better than **a** beast.
   [**একজন ব্যক্তি** নীতিজ্ঞান ছাড়া **বেশি ভালো নয় একটি পশুর চেয়ে।**]
4. **A** person without conscience is no better than **a** beast.
   [**একজন ব্যক্তি** বিবেক ছাড়া (খন্‌শিয়েন্‌স্) **বেশি ভালো নয় পশুর চেয়ে।**]
5. **A** man without commonsense is no better than **a** beast.
   [ স্বাভাবিকবোধ ছাড়া একজন মানুষ বেশি ভালো নয় একটি **পশুর চেয়ে।**]
6. **An** **i**ndividual without patriotism is like (**মতো**) **an** **a**nimal.
7. **An** officer devoid of integrity is no better than **a** beast.
   [সততা ছাড়া একজন অফিসার একটি পশুর চেয়ে ভালো না।]
8. **A** man without good manners is no better than **a** beast.
   [একজন মানুষ ভালো আচরণ ছাড়া বেশি ভালো নয় একটি পশুর চেয়ে।]

Recent Bazar

**প্রশ্ন** **A true patriot thinks for (g) ____ betterment of his country. [ চট্টগ্রাম বোর্ড: 2019 ]**

**betterment**
(বেটার্-মেন্ট) = মঙ্গল।

## বাংলা অর্থ + ব্যাখ্যা

একজন সত্যিকারের দেশপ্রেমিক ভাবেন জন্য (g) ______ মঙ্গল তার দেশের।
তার মানে, তিনি তার দেশের মঙ্গলের কথা ভাবেন। আর ‘মঙ্গলের’
ইংরেজি হলো *betterment*, যেটা হলো নির্দিষ্ট। তাই ***the*** লাগবে।
অর্থাৎ, ... ***the*** *betterment of his country* অর্থ তার দেশের মঙ্গলের কথা। উত্তর: ***the***।

## আরো উদাহরণ ও বাক্য

**01**. A true patriot (প্যাঠ্-রি-ওট্) thinks for **the** progress of his country.
[একজন সত্যিকারের দেশপ্রেমিক চিন্তা করেন তার দেশের উন্নয়নের জন্য।] **[HSC: 2018]**

**02**. A truely honest man thinks for **the** betterment of his country.
[একজন সত্যিকারের সৎ মানুষ চিন্তা করেন তার দেশের মঙ্গলের কথা।]

**03**. A sincere employee (য়েম্প্লয়ী) thinks for **the** welfare of his company.
[আন্তরিক একজন কর্মী ভাবেন তার কোম্পানির কল্যাণের কথা।]

**04**. A good citizen (ভালো নাগরিক) thinks for **the** betterment of his nation.

**05**. A good leader (ভালো নেতা) thinks for **the** betterment of his people.
[একজন ভালো নেতা তার দেশের লোকের মঙ্গলের কথা চিন্তা-ভাবনা করে কাজ করেন।]

**06**. A good writer (রাই্-ঠার্) thinks for **the** development of his country.
[একজন ভালো লেখক তার দেশের উন্নয়নের কথা ভাবেন।]

**07**. A good employer (য়েম্-প্লয়ার্) thinks for **the** welfare of his employees.

**08**. A responsible man (দায়িত্ববানলোক) thinks for **the** members of his family.

**09**. **An** environmentalist (পরিবেশবিদ) thinks for **the** protection of biodiversity.
(একজন পরিবেশবিদ চিন্তা করেন জীববৈচিত্র্য সংরক্ষণের কথা।) (ভাই্-ও-ডাই্ভার্সিটি = জীববৈচিত্র্য)

**10**. A philanthropist (পারোপকারী) (ফিল্যান্-থ্র-পিস্ট্) seeks to promote **the** welfare of others. (সীক্ = চায়)

**11**. **An** unpatriotic man thinks only of his x interest. **[ চট্টগ্রাম বোর্ড: 2019 ]**
[একজন দেশপ্রেমহীন মানুষ শুধুমাত্র নিজের স্বার্থের কথা ভাবেন।]

Recent Bazar

**প্রশ্ন** *Fill in the blanks in the following text with articles as necessary:*
**Ours is *(c)* ____ independent country.**

**অর্থ** আমাদেরটা হয় (c) _____ স্বাধীন দেশ।

রাজশাহী বোর্ড: ২০১৯; ঢাকা বোর্ড: ২০১৮

**বাংলা অর্থ বুঝে সমাধান**

এখানে *ours* = আমাদেরটা = আমাদের দেশ = *our country*।

তার মানে, আমাদের দেশটি হলো একটি স্বাধীন রাষ্ট্র। আর এই 'একটি' ইংলিশ হলো: *a / an*।

আর *independent* শব্দটির প্রথমে আছে *i* (আই),

যেটি একটি vowel। তাই (c)-এর gap-এ *an* হবে। উত্তর: ***an***।

**পুরো বাক্য**

Ours is ***an*** **i**ndependent country = Our country is ***an*** independent one.

**আরো উদাহরণ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **01**. | Ours is | ***an*** | **a**gricultural | country. | = আমাদেরটা হলো একটি কৃষিভিত্তিক দেশ। |
| **02**. | Ours is | ***a*** | **r**iverine | country. | = আমাদেরটা হলো একটি নদীমাতৃক দেশ। |
| **03**. | Ours is | ***a*** | developing | country. | = আমাদেরটা হলো একটি উন্নয়নশীল দেশ। |
| **04**. | Ours is | ***a*** | beautiful | country. | = আমাদেরটা হলো একটি সুন্দর দেশ। |
| **05**. | Ours is | ***a*** | democratic | country. | = আমাদেরটা হলো একটি গণতান্ত্রিক দেশ। |
| **06**. | Ours is | ***a*** | peaceful | country. | = আমাদেরটা হলো একটি শান্তিপূর্ণ দেশ। |

**07**. Our country is ***a*** newly industrialized one. = আমাদেরটা হলো সদ্য শিল্পোন্নত দেশ।

এই বাক্যে *one* মানে একটি = দেশটি = *country*।

| | | | | |
|---|---|---|---|---|
| **08**. | Ours is | ***a*** | middle-income nation. | = আমাদের দেশটি হলো একটি মধ্যম আয়ের দেশ। |
| **09**. | Ours is | ***a*** | densely-populated country. | = আমাদের দেশটি হলো একটি ঘনবসতিপূর্ণ দেশ। |
| **10**. | Theirs is | ***a*** | socialist country. | = তাদের দেশটি হলো একটি সমাজতান্ত্রিক দেশ। |
| **11**. | Theirs is | ***a*** | land-locked country. | = তাদের দেশটি হলো একটি স্থলবেষ্টিত রাষ্ট্র। |
| **12**. | Theirs is | ***an*** | **a**dvanced country. | = তাদের দেশটি হলো একটি উন্নত দেশ। |

**13**. Our country is ***a*** land of rivers. = আমাদের দেশটি হলো একটি নদীর দেশ।

Recent Bazar

**প্রশ্ন** **The national flag plays *(j)* ____ vital role in the life of a nation.**

**অর্থ** জাতীয় পতাকা পালন করে (j) ____ গুরুত্বপূর্ণ ভূমিকা একটি জাতির জীবনে।

রাজশাহী বোর্ড : ২০১৯

**ব্যাখ্যা**

তার মানে, জাতীয় পতাকা পালন করে একটি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা...।

আর 'একটি' ইংলিশ হলো *a*। *a vital role* = একটি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা।

∴ (j)-এর উত্তর হবে: ***a***।

The national flag plays ***a*** vital role in the life of a nation.

জাতীয় পতাকা পালন করে গুরুত্বপূর্ণ ভূমিকা একটি জাতির জীবনে।

**আরো উদাহরণ**

**01**. Good governance plays ***a*** great role in the development of a nation.
(সুশাসন একটি বিশাল ভূমিকা পালন করে একটি দেশের উন্নয়নে।)

**02**. National health plays ***a*** vital role in the economy of a country.
(জাতীয় স্বাস্থ্য একটি দেশের অর্থনীতিতে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।)

a, e, i, o, u-এর আগে *an* বসে

**03**. Human resource plays ***an*** important role in the economy of a country.
(মানব সম্পদ একটি দেশের অর্থনীতিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।) **[ রাজউক কলেজ ]**

**04**. Garments sector plays ***a*** significant contribution to the economy of our country.
(গার্মেন্টস খাত একটি তাৎপর্যপূর্ণ অবদান রাখছে আমাদের দেশের অর্থনীতিতে।)

অর্থ বুঝে জোরে জোরে পড়ো !

**05**. Agriculture plays ***an*** essential role in the development of a country.
(কৃষি একটি দেশের গ্রামীণ উন্নয়নে একটি জরুরী ভূমিকা পালন করে থাকে।)

**06**. ICT sector plays ***a*** leading role in the economy of our country.
(তথ্য-প্রযুক্তি সেক্টর আমাদের দেশের অর্থনীতিতে নেতৃস্থানীয় ভূমিকা পালন করে থাকে।)

*u*-এর উচ্চারণ শুরুতে ইউ = *you*।
প্রথমে y বা consonant থাকাতে ... *a* হবে।

শুরুতে 'ইউ' ও 'ওয়া' হলে *a* বসে।
যেমন: **a** *one dollar note*

**07**. Remittance of migrant workers plays ***a*** **u**seful role in the economy of our country.
(প্রবাসীদের অর্থপ্রেরণ আমাদের দেশের অর্থনীতিতে কার্যকরী ভূমিকা পালন করে থাকে।)

Recent Bazar

**প্রশ্ন** **Madhusudan Dutt contributed much to (j) ____ development of Bengali literature.**

**ঢাকা বোর্ড**

**শব্দের অর্থ**

**contribute** (খন্‌-ট্রি-বিউট্‌) = অবদান রাখা। **development** (ডেভেলপ্‌মেন্ট) = উন্নয়ন।

**সমাধান** এই বাক্যে *development* শব্দটির আগে *the* বসাতে হবে। তার মানে, (j)-এর উত্তর হবে: *the*।

**উত্তর** Madhusudan Dutt contributed much to ***the*** development of Bengali literature.
(মধুসূদন দত্ত বাংলা সাহিত্যের উন্নয়নে অনেক অবদান রেখেছিলেন।)

বাংলা অর্থসহ মন দিয়ে পড়ুন

**এরূপ আরো উদাহরণ**

**01**. Robi Thakoor (ঠাকুর) contibuted much to ***the*** development of Bangla Literature.
(রবি ঠাকুর বাংলা সাহিত্যের উন্নয়নে অনেক অবদান রেখেছিলেন।)

**02**. Kobi Nazrul contributed a lot to ***the*** development of Bangla Literature.
(কবি নজরুল বাংলা সাহিত্যের উন্নয়নে প্রচুর অবদান রেখেছিলেন।)

**03**. Bangabandhu played a pivotal role in ***the*** independence of Bangladesh.
{ বঙ্গবন্ধু প্লেইড্‌ এ্যা পি-ভ-ট্যাল্‌ রৌল্‌ ইন্‌ দ্যা ইন্‌ডিপেন্‌ডেন্‌স্‌ অব বাংলাদেশ }

**অর্থ** বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতায় কেন্দ্রীয় ভূমিকা পালন করেছিলেন।

**04**. Manik Bandopadhyay contributed much to ***the*** improvement of realistic writing style.
(মানিক বন্দোপাধ্যায় বাস্তবধর্মী লেখার স্টাইল উন্নয়নে অনেক অবদান রেখেছিলেন।) **{ঢাকা কলেজ}**

**05**. Akhteruzzaman Elias contributed much to ***the*** writing of Bangla fiction.
(আখতারুজ্জামান ইলিয়াস বাংলা ফিকশন লেখায় বেশ অবদান রেখেছিলেন।)

**06**. Satyajit Ray contributed much to ***the*** development of Bangla film industry.
(সত্যজিৎ রায় বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নয়নে ব্যাপক অবদান রেখেছিলেন।) **[ঢাকা রেসিডেন্সিয়াল কলেজ]**

**07**. Bankim Chandra played a vital (ভাইঠ্যাল্‌) role in ***the*** development of Bangla Literature
(বঙ্কিমচন্দ্র বাংলা সাহিত্যের উন্নয়নে অতিগুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন।)

**08**. Shakespeare played a significant role in ***the*** development of English Literature.
(শেক্সপিয়ার ইংরেজি সাহিত্যের উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছিলেন।)

**09**. Hazrat Omar (R.) played a leading (লীডিং = নেতৃস্থানীয়) role in ***the*** expansion (য়েক্সপ্যান্‌শন্‌) of Muslim empire.
{ হযরত ওমর (রা:) মুসলিম সাম্রাজ্যের প্রসারে নেতৃস্থানীয় ভূমিকা পালন করেছিলেন }

Recent Bazar

**প্রশ্ন** **He was born in (h) _____ sophisticated family.**
(তিনি জন্মেছিলেন ______ সম্ভ্রান্ত পরিবারে।) → ( সফিস্‌ঠিকেইঠেন্‌ )

**ঢাকা বোর্ড**
**HSC : 2018**

**প্রশ্নের উত্তর** He was born in ***a*** sophisticated family. (তিনি জন্মেছিলেন একটি সম্ভ্রান্ত পরিবারে।)

( gap-এর পর *sophisticated* আছে। তার মানে, প্রথম letter-টি **s**, তাই gap-এ **a** হয়েছে।
আর gap-এর পর ***a****ristocratic* থাকলে answer হতো ***an***। )

**একই ধরনের আরো উদাহরণ**

**01**. He was born in ***an*** aristocratic family. { তিনি জন্মেছিলেন একটি অভিজাত পরিবারে }
[ কবি নজরুল কলেজ ]

**02**. He was born in ***a*** rich family. { ... জন্মেছিলেন একটি ধনী পরিবারে }

**03**. He was born in ***a*** simple family. { ... জন্মেছিলেন একটি সাধারণ পরিবারে }

**04**. He was born in ***a*** zaminder family. { ... জন্মেছিলেন একটি জমিদার পরিবারে }

**একই ধরনের অনেকগুলো বাক্য practice করলে**
**কষ্ট করে রুল বা structure মুখস্থ করা লাগবে না !**

**05**. He was born in ***an*** elite family. { ... জন্মেছিলেন একটি উচ্চবিত্ত পরিবারে }

**06**. He was born in ***an*** extended family. { ... জন্মেছিলেন একটি বড় পরিবারে }

**07**. He was born in ***a*** poor family. { ... জন্মেছিলেন একটি গরিব পরিবারে }

**08**. He was born in ***a*** higher class family. { ... জন্মেছিলেন একটি উচ্চবিত্ত পরিবারে }

**09**. He came from ***an*** affluent family. { ... এসেছিলেন একটি ধনী পরিবার থেকে }

**10**. He came from ***a*** well-off family. { ... এসেছিলেন একটি স্বচ্ছল পরিবার থেকে }

**11**. He came from ***a*** royal family. { ... এসেছিলেন একটি রাজকীয় পরিবার থেকে }

**12**. He came from ***a*** wealthy family. { ... এসেছিলেন একটি সম্পদশালী পরিবার থেকে }

**13**. She descended from ***an*** old Anglo-Saxon family. { ... এসেছিলেন একটি old ........পরিবার থেকে }

**14**. Shakespeare's mother was ***the*** daughter of ***a*** prosperous farmer.

**15**. His wife Anne Hathaway was ***the*** daughter of ***a*** peasant family.
(কৃষক)

**16**. His father John Shakespeare was ***a*** farmer's son.

**HSC**
**2018**
**KHA set**

Recent Bazar

প্রশ্ন **(b) _____ person can prosper in life by doing hard work.**

(b) ______ব্যক্তি পারে সফল হতে জীবনে কঠোর পরিশ্রমের দ্বারা।

**সমাধান**

আমরা বাংলায় সাধারণত বলি: একজন ব্যক্তি পারে ... দ্বারা। এই "একজন" ইংলিশ হলো: a / an।
***person*** শব্দটির শুরুতে ***p*** (পি) থাকায় শূন্যস্থানে an না হয়ে, ***a*** বসবে।

প্রশ্নের উত্তর ***A*** person can prosper in life by doing hard work.
{ একজন ব্যক্তি জীবনে সফল হতে পারে কঠোর পরিশ্রমের দ্বারা }

বাংলা অর্থ বুঝে জোরে জোরে পড়ো !

( সাক্সীড্ ) এরূপ আরো উদাহরণ

**01.** ***A*** person can succeed in life by working sincerely.
(একজন ব্যক্তি পারে জীবনে সফল হতে আন্তরিকভাবে কাজ করার দ্বারা।)

( প্রস্পার্ = উন্নতি করা ) **{ Police Lines কলেজ, Rangpur}**

**02.** ***A*** person can prosper in life by following discipline.
(একজন ব্যক্তি পারে জীবনে উন্নতি করতে শৃঙ্খলা মানার দ্বারা।)

**03.** ***A*** person can develop his health by doing exercise.
(একজন ব্যক্তি পারে তার স্বাস্থ্যের উন্নতি ঘটাতে শারীরিক ব্যায়ামের দ্বারা।)

**04.** ***A*** player can develop his career by intensive training.
(একজন খেলোয়াড় পারে তার ক্যারিয়ারের উন্নতি ঘটাতে কঠোর প্রশিক্ষণের দ্বারা।)

দেখে দেখে লিখো!

**মোবাইল স্যার: 01713 43 20 02 (sms)**

**05.** ***A*** man can attain heaven by being religious.
(একজন মানুষ পেতে পারে জান্নাত ধার্মিক হওয়ার দ্বারা) **{ Dhaka College }**

**06.** ***A*** student can learn English by understanding meaning.
(একজন ছাত্র শিখতে পারে ইংলিশ অর্থ বোঝার দ্বারা।)

**07.** ***An*** employee can earn enough money by doing hard work.
(একজন কর্মী আয় করতে পারে পর্যাপ্ত টাকা কঠোর পরিশ্রম করার দ্বারা।)

**08.** ***An*** industrious man can prosper in his life by doing hard work.
(একজন পরিশ্রমী মানুষ পারে উন্নতি করতে তার জীবনে কঠোর পরিশ্রমের দ্বারা ) **যশোর বোর্ড : 2019**

**09.** ***A*** person can prosper in his life by following the rules of sincerity.
(একজন ব্যক্তি পারে তার জীবনে উন্নতি করতে আন্তরিকতার নিয়মগুলো মেনে চলার দ্বারা।)

**10.** ***An*** honest man can abstain (বিরত থাকা) himself from corruption.
( অ্যাব্স্টেইন্) **{ কুমিল্লা বোর্ড : 2019 }**

Recent Bazar

" এই পুরো পৃষ্ঠাটা খুবই মনোযোগ দিয়ে পড়ো ! "

**প্রশ্ন** **Many (a) ___ man is not conscious of (b) ___ importance of (c) ____ sincerity.**

**শব্দের অর্থ** **conscious** (কন্‌শাস্‌) = সচেতন। **importance** (ইম্‌-পর্‌ঠ্যান্স) = গুরুত্ব। **sincerity** (সিন্‌সিয়ারিটি) = (কাজে-কর্মে) আন্তরিকতা।

**চট্টগ্রাম বোর্ড: 2016**
**যশোর বোর্ড: 2019**

## সমাধান ও ব্যাখ্যা

তার মানে, অনেক লোক *sincerity*-র গুরুত্ব সম্পর্কে সচেতন না। ইংরেজিতে অনেক লোক = many men, আবার ইংরেজীতে *Many **a** man* অর্থ হলো অনেক লোক। তাই (a)-এর উত্তর হবে ***a***।

### এরূপ আরো উদাহরণ

**{ Police Lines College, Rangpur}**

**01**. Many ***a*** man is not aware. (অনেক লোক সচেতন না।)
**02**. Many × men are not conscious. (অনেক লোক সচেতন নয়।)
**03**. Many ***a*** visitor comes to visit. (অনেক দর্শনার্থী দেখতে আসে) **{ ঢাকা বোর্ড: 2019 }**

*sincerity*-এর অর্থ হলো আন্তরিকতা।

প্রশ্নের বাক্যে সাধারণভাবে আন্তরিকতা সম্পর্কে বলা হয়েছে, তাই (c)-তে *sincerity*-র আগে ***the*** হবে না।

কিন্তু যদি 'আন্তরিকতা' (*sincerity*)-কে নির্দিষ্ট করে বোঝানো হয় যেমন,

যদি বলা হয় শিক্ষকটির আন্তরিকতা তাহলে হবে : ***The*** *sincerity of* ***the*** *teacher*।

### এমন আরো বাক্য

**[ সরকারি হরগংগা কলেজ ]**

**01**. **The** sincerity of the teacher. (শিক্ষকটির আন্তরিকতা।)
**02**. **The** sincerity of the student. (ছাত্রটির আন্তরিকতা।)
**03**. **The** honesty of the officer. (অফিসারটির সততা।)

(b)-তে *importance*-এর আগে ***the*** বসাতে হবে, কারণ এখানে, একটা নির্দিষ্ট '*importance*'-এর কথা বলা হচ্ছে, আর সেটা হলো, *sincerity*-র *importance*। তাই, (b)-তে ***the*** হবে।

### এমন আরো বাক্য

**যশোর বোর্ড: 2019**

**01**. ***the*** importance of × diligence. (অধ্যবসায়ের গুরুত্ব।)
**02**. ***the*** significance of × discipline. (শৃঙ্খলার তাৎপর্য।)
**03**. ***the*** importance of × honesty. (সততার গুরুত্ব।)

### পুরো বাক্য ও অর্থ

Many ***a*** man is not conscious of ***the*** importance of × sincerity.
(অনেক লোক সচেতন না *sincerity*-র গুরুত্ব সম্পর্কে।)

### একটি উদাহরণ

Many ***a*** man is not aware of ***the*** significance of × diligence.
(অনেক লোক সচেতন না অধ্যবসায়ের / পরিশ্রমের গুরুত্ব সম্পর্কে।)

**যশোর বোর্ড: 2019**

Recent Bazar

প্রশ্ন **Many a man doesn't have (i) _____ benefit of (j) _____ sincerity.** চট্টগ্রাম বোর্ড

শব্দের অর্থ **have** (হ্যাভ) = পাওয়া । **many a man** = অনেক লোক।
**benefit** (বেনেফিট) = উপকার।

উত্তর Many a man doesn't have ***the*** benefit of × sincerity.
(অনেক মানুষ আন্তরিকতার উপকার পায় না।)

**মনে রেখো**

sincerity, honesty (সততা), discipline প্রভৃতি হলো গুণের নাম। তাই, এগুলো **noun**। আবার, এই গুণগুলোকে যেহেতু ধরা-ছোঁয়া যায় না তাই, এগুলোকে বলে **abstract nouns** তাই এদের সাথে **কোন article বসে না !**

## আরো উদাহরণ

**01**. Many a man doesn't have ***the*** benefit of × discipline.
(অনেক লোক শৃঙ্খলার উপকার পায় না।)

**02**. Many a man doesn't have ***the*** benefit of × honesty.
(অনেক লোক সততার উপকার পায় না।)

**03**. Many a man doesn't have ***the*** advantages of × hardwork.
(অনেক লোক কঠোর পরিশ্রমের সুবিধা পায় না।)

**04.** True happiness lies ***in*** × honesty. { **কুমিল্লা বোর্ড: 2019** }

Recent Bazar

## সহজ, ব্যতিক্রম ব্যাখ্যা

**01. The man considered it quite ____ honour to find his name in ____ book.**

বাক্যটির মানে: লোকটি বিবেচনা করলেন এটাকে একটা সম্মান হিসেবে। কোনটাকে? ⇒ বইটিতে তার নাম পেয়ে। আর এই 'একটা সম্মান' ইংলিশ: *a/an honour*। *honour* (অ-নার = o-nar) শব্দটির উচ্চারণের শুরুতে আছে '*o*' ... অর্থাৎ vowel। তাই ... *an honour* ... হবে।
আবার, 'বইটি' শব্দটির 'টি' ইংলিশ *the*। *the book* = বইটি। *in the book* = বইটিতে।

**02. March 7 is ____ historic day for Bangladesh.**

7-ই মার্চ হলো একটি দিন, তাই '*a / an*'।
*historic* (= হিস্-টোরিক্)-এর প্রথমে consonant '**h**' হওয়াতে উত্তর '*a*' হবে।

**03. He is ______ honors graduate.**

*graduate* হলো একজন, তাই *a* বা *an* হবে।
*Honors* এই শব্দটির প্রথমে **অনার্স** (= O-nurse) উচ্চারণ হওয়ায়, article '*an*' হবে।

**04. I like ___ mangoes.**

*mangoes* (বা আম) শব্দটি দ্বারা সকল প্রকার আমকে বুঝায়। অর্থাৎ, আমের জাতিকে বুঝায়। তাই এর সাথে *the / a / an* বসবে না। আবার, 'একটি আম' পছন্দ করি বা 'আমটি পছন্দ করি' এটা আমরা বলি না।